ইরানে হামলার সিদ্ধান্ত থেকে সরে আসলেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানে রোববার কোনো হামলা চালানো হবে না বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে একই দিনে হামলার হুমকি দিলেও পরে তিনি জানান, সেদিন কোনো সামরিক অভিযান হবে না।

মিশিগানে নির্বাচনি প্রচারণায় যোগ দিতে রোববার হোয়াইট হাউস ছাড়ার সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন ট্রাম্প।

এর আগে ফক্স নিউজকে দেওয়া সাক্ষাৎকারে ইরান নিয়ে কঠোর অবস্থানের কথা জানান তিনি। ট্রাম্প বলেন, ইরানের সঙ্গে চুক্তি হবে, নাকি দেশটিকে পুরোপুরি নির্মূল করা হবে—এখন সিদ্ধান্ত নিতে হবে এ দুটির মধ্যে।

হরমুজ প্রণালি নিয়েও কথা বলেন মার্কিন প্রেসিডেন্ট। তাঁর দাবি, প্রণালিটি এখন যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে এবং ইরান সেখান থেকে কোনো সুবিধা পাচ্ছে না।

এর আগে শনিবার (২৪ অক্টোবর) ইরানে নতুন করে সামরিক অভিযান চালানো অথবা দেশটির সঙ্গে চুক্তিতে পৌঁছানোর সম্ভাবনার কথা বলেছিলেন ট্রাম্প। তবে ইরান কোনো সমঝোতা করলে তা মেনে চলবে কি না, তা নিয়ে সন্দেহ প্রকাশ করেন তিনি।

গত ২৮ ফেব্রুয়ারি ইসরায়েলের সঙ্গে যৌথভাবে ইরানে বড় ধরনের হামলা চালায় যুক্তরাষ্ট্র। জুনে দুই দেশের মধ্যে স্বল্প সময়ের যুদ্ধবিরতি কার্যকর হলেও পরে তা ভেঙে যায়। নভেম্বরের শুরুতে যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন। এর আগে ইরানে হামলা না চালানোর কথা জানালেন ট্রাম্প।